# সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালক উচ্চ বিদ্যালয়

সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা।

নং- ২৩.২২.৭০০৩.০৬.০১.০৯.১২.২১-১৫২

তারিখ ঃ ২৪ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর , ২০২১ খ্রিষ্টাব্দ

## ভর্তি বিজ্ঞপ্তি

১। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেনানিবাসে কর্মরত সেনাসদস্য/ধর্মীয় শিক্ষকবৃন্দের পুত্র, প্রতিরক্ষা খাত থেকে বেতন প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী, অবসর প্রাপ্ত, মুক্তিযোদ্ধা কোটা এবং পাবলিক ছেলেদের ২০২২ শিক্ষাবর্ষে অত্র বিদ্যালয়ে **শিশু, ১ম ও ২য় শ্রেণিতে** লটারির মাধ্যমে ভর্তি করা হবে (সকল সেনানিবাসের জন্য)।

২। শুধুমাত্র সাভার সেনানিবাসে কর্মরত সেনাসদস্য/ধর্মীয় শিক্ষক এবং প্রতিরক্ষা খাত থেকে বেতন প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর ছেলেদের ৩য় শ্রেণি থেকে ৯ম শ্রেণিতে ভর্তি করা হবে।

৩। ১১/১২/২০২১ হতে ২৮/১২/২০২১ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ ঘটিকা হতে ১.০০ ঘটিকার মধ্যে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ পূর্বক আগামী ২৯/১২/২০২১ তারিখের মধ্যে বিদ্যালয়ের অফিস কক্ষে জমা করতে হবে।

৪। শিশু শ্রেণিতে ভর্তির জন্য ন্যূনতম বয়স ৫ বছর হতে হবে (সর্বোচ্চ ৬ বছর)।

৫। ১ম শ্রেণিতে ভর্তির জন্য ন্যূনতম বয়স ৬বছর হতে হবে (সর্বোচ্চ ৭ বছর)।

৬। ২য় শ্রেণিতে ভর্তির জন্য ন্যূনতম বয়স ৭ বছর হতে হবে (সর্বোচ্চ ৮ বছর)।

**৭। ভর্তির ফরম সংগ্রহের সময় নিম্নলিখিত কাগজপত্র সমূহ জমা করতে হবেঃ**

ক। শিক্ষার্থীর জন্ম সনদের সত্যায়িত কপি।
খ। ইউনিট প্রধানের প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি (সামরিক ও প্রতিরক্ষাদের জন্য)।
গ। পিতা/মাতার চাকুরীর পরিচয় পত্রের সত্যায়িত কপি (সামরিক ও প্রতিরক্ষাদের জন্য)।
ঘ। পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
ঙ। অবসর প্রাপ্তদের ক্ষেত্রে লাল খালাসি বই এর সত্যায়িত কপি।
চ। বীর মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/পোষ্যদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সার্টিফিকেট/প্রমাণ পত্রের সত্যায়িত কপি।
ছ। ছাত্রের পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি (শিক্ষার্থী ভর্তি করার সময়)।
জ। টিসি (ছাড়পত্র) এর মূলকপি (শিক্ষার্থী ভর্তি করার সময়)।
ঝ। ইউনিট প্রধানের প্রত্যয়ন পত্রের মূলকপি (শিক্ষার্থী ভর্তি করার সময়)।
ঞ। পিতার পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি (সরকারি ড্রেস পরিধান করে)।

৮। শিশু, ১ম ও ২য় শ্রেণির ভর্তির লটারি আগামী ০২/০১/২০২২ তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে।

৯। ০৩/০১/২০২২ তারিখ ৩.০০ ঘটিকায় লটারির ফলাফল প্রকাশ করা হবে।

১০। ০৮/০১/২০২২ থেকে ১২/০১/২০২২ তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম শেষ করতে হবে।

**বিঃ দ্রঃ শিক্ষার্থীর জন্ম সনদের তথ্যের সাথে পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের তথ্যের মিল থাকতে হবে। কোন প্রকার গড়মিল থাকলে ভর্তি করা হবে না।**

**সদয় অবগতি ঃ**

১। এরিয়া সদর দপ্তর সাভার
সাভার সেনানিবাস।
২। স্টেশন সদর দপ্তর সাভার
সাভার সেনানিবাস।
৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
সাভার সেনানিবাস।

৯/১২/২১

**(মফজেল হোসেন)**
**প্রধান শিক্ষক**
সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালক উচ্চ বিদ্যালয়
সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা।